তারিখ ....26 JUL 2016..
পৃষ্ঠা ...2... কলাম 9 ... ......

দৈনিক
আমাদের সময়

ব্র্যাক বিশ্ববিদ্যালয়

# অটোরিকশাচালক সম্পর্কে সতর্ক থাকার বার্তা শিক্ষকদের

নিজস্ব প্রতিবেদক •

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কাছে প্রতিষ্ঠানটির রেজিস্ট্রার একটি বার্তা পাঠিয়েছেন। বার্তায় ছদ্মবেশী সিএনজিচালকদের সম্পর্কে সতর্ক থাকতে বলা হয়েছে। গতকাল ই-মেইলে এ বার্তা পাঠান রেজিস্ট্রার মোহাম্মদ সাহুল আফজাল।

বার্তায় জানানো হয়, ড. তারেম আহমেদ নামের একজন শিক্ষক বার্তাটি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের কাছে পাঠিয়েছেন। তারেম আহমেদ ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক। এক বার্তায় তিনি লিখেছেন, 'ব্রিটিশ কাউন্সিল ও ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় সিএনজি অটোরিকশার কিছু ড্রাইভার সন্দেহজনক আচরণ করছেন বলে সম্প্রতি আমি কয়েকটি ঘটনার কথা শুনেছি। আমার এক বন্ধু শঙ্কা প্রকাশ করেছেন যে, সম্ভবত ইসলামিক স্টেটের (আইএস) সদস্যরা সিএনজি ড্রাইভারের ছদ্মবেশে বের হয়েছে। আমার মনে হয় ব্র্যাক ইউনিভার্সিটির সদস্যদের এ বিষয়ে যথাযথভাবে সতর্ক করা দরকার।'

ড. তারেম আহমেদের এই বার্তাই ফরোয়ার্ড করেছেন রেজিস্ট্রার মোহাম্মদ সাহুল আফজাল। এ বিষয়ে রেজিস্ট্রারের সঙ্গে যোগাযোগ করতে বেশ কয়েকবার ফোন করা হলেও তাকে পাওয়া যায়নি। বিশ্ববিদ্যালয়ের টেলিফোন অপারেটরও রেজিস্ট্রারের ব্যক্তিগত ফোন নম্বর দিতে অস্বীকৃতি জানান।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও ইমেরিটাস অধ্যাপক ড. আইনুন নিশাত এ সম্পর্কে বলেন, আমি নিজে ইমেইলটি এখনো দেখিনি। তবে অন্য ফ্যাকাল্টি মেম্বাররা জানিয়েছেন, রেজিস্ট্রার এ রকম একটি মেইল পাঠিয়েছেন। সেটি আরেকজন ফ্যাকাল্টি মেম্বারের পাঠানো মেইল, যা তিনি ফরোয়ার্ড করেছেন। এ ধরনের সতর্কবার্তা পাঠানোর মতো কোনো সুনির্দিষ্ট হুমকি বা অভিযোগ পাওয়া গেছে কিনা জানতে চাইলে বিশ্ববিদ্যালয়টির উপাচার্য বলেন, রেজিস্ট্রার যেহেতু পাঠিয়েছেন, এটার পেছনে কোনো কারণ তো আছেই।